ব্যবস্থাপত্র অনুযায়ী ব্যবহার্য

মেনসোনিল (ভেট) বোলাস
Mensonil (Vet) Bolus

(নিক্লোসামাইড মনোহাইড্রেট বিপি)

কার্যকরী উপাদানঃ
প্রতিটি বোলাসে রয়েছে-
নিক্লোসামাইড মনোহাইড্রেট বিপি ১০০০.০০ মি.গ্রা.

বিবরণঃ
নিক্লোসামাইড মনোহাইড্রেট একটি কার্যকর ফিতাকৃমি, অন্ত্রের কৃমি ও সিস্টোসোমানাশক।

কার্যপ্রণালীঃ
মেনসোনিল (ভেট) বোলাসে বিদ্যমান নিক্লোসামাইড অঞ্চচধংব এনজাইমের কার্যকারীতায় বাঁধা প্রদর্শন করে, ফলে প্যারাসাইটের (কৃমির) অক্সিডেটিভ ফসফরাইলেশন প্রক্রিয়া বাঁধাপ্রাপ্ত হয় সে কারণে অউচ (Adenosine Diphosphate), ATP (Adenosine Triphosphate) এ রূপান্তরিত হতে পারে না। ATP তৈরি না হওয়ায় প্যারাসাইট সমূহ (কৃমি) অবশ ও নিষ্ক্রিয় হয়ে পড়ে। এ অবশকৃত কৃমিসমূহ মলের মাধ্যমে দেহ থেকে নির্গত হয়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ
গরু-মহিষ, ছাগল-ভেড়া, ঘোড়া এবং হাঁস-মুরগির ফিতাকৃমি (Tapeworm), অন্ত্রের কৃমি (Intestinal fluke) ও সিস্টোসোমা (Schistosomiasis) দমনে মেনসোনিল (ভেট) বোলাস ব্যবহৃত হয়।

মাত্রা (Dose) ও প্রয়োগ বিধিঃ
গরু, মহিষ, ছাগল ও ভেড়ার ক্ষেত্রে- প্রতি ২০ কেজি দৈহিক ওজনের জন্য ১ টি বোলাস চিটাগুড় বা কলা পাতায় মুড়িয়ে খাওয়াতে হবে অথবা পানির সাথে মিশিয়েও খাওয়ানো যাবে।
হাঁস-মুরগির ক্ষেত্রে- ১১-১২টি হাঁস/মুরগির জন্য ১টি বোলাস এই হিসাবে পানিতে মিশিয়ে খাওয়াতে হবে।
অথবা রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ
নিক্লোসামাইডের প্রতি অতিসংবেদনশীল প্রাণির ক্ষেত্রে ঔষধটি ব্যবহার করা উচিত নয়।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ
অনুমোদিত মাত্রায় মেনসোনিল (ভেট) বোলাস এর কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই। এছাড়াও **মেনসোনিল (ভেট)** বোলাসের ৫-৭ গুণ পর্যন্ত নিরাপত্তা সীমা রয়েছে।

সতর্কতাঃ চিকিৎসা কালীন এবং চিকিৎসা পরবর্তী সময়ে প্রাণিকে পর্যাপ্ত পানি পান করানো উচিত।

প্রত্যাহারকালঃ মাংস-০৭ (সাত) দিন; ডিম- ০৫ (পাঁচ) দিন।

গর্ভবতী ও দুগ্ধবতী প্রাণিতে ব্যবহারঃ
মেনসোনিল (ভেট) বোলাস গর্ভাবস্থায় সম্পূর্ণ নিরাপদ এবং অনুমোদিত মাত্রায় দুগ্ধবতী প্রাণিতে-ও ব্যবহার করা যায়।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ পর্যাপ্ত ক্লিনিক্যাল তথ্য পাওয়া যায় নি।

সংরক্ষণঃ
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০ক্ক সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ
৫x৪ বোলাস/বক্স এবং ১০x৪ বোলাস/বক্সে সরবরাহ করা হয়।

"শুধুমাত্র প্রাণি চিকিৎসায় ব্যবহার্য"



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
ডবনঃ ঃাঁ.ংঢ়বৎঢ়ড়বিৎঢ়যধৎসধ.পড়স